দৈনিক সংবাদ

NOV. 21 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৫) কলাম... ৬...



# জাতীয় বিশ্ববিদ্যালয়ের নয়া প্রো-ভিসি

প্রফেসর ড. খলিলুর রহমান ১৯৫১ সালে মানিকগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রাণ রসায়নে (সম্মান) ও এমএসসি (থিসিস) সম্পন্ন করেন। ১৯৮২ সালে টোকিও বিশ্ববিদ্যালয় হতে তিনি প্রাণ রসায়নে পিএইচডি ডিগ্রি লাভ করেন। ১৯৮৪ সালে একই বিশ্ববিদ্যালয় থেকে পোস্ট ডক্টরাল গবেষণা সম্পন্ন করেন এবং ১৯৯৩ সালে ইতালির ট্রিয়েস্ট হতে জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজিতে পোস্ট ডক্টরাল গবেষণা সম্পন্ন করেন। তিনি ১৩ই নভেম্বর ২০০১ জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। প্রফেসর মো. খলিলুর রহমান জাতীয় বিশ্ববিদ্যালয়ে যোগদানের পূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণ রসায়ন বিভাগের অধ্যাপক হিসেবে কর্মরত ছিলেন। এর পূর্বে তিনি ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাণ রসায়ন বিভাগের চেয়ারম্যানের দায়িত্বও পালন করেছেন।

তিনি বাংলাদেশ বায়োকেমিক্যাল সোসাইটি ও বাংলাদেশ বিজ্ঞানী সমিতির নির্বাচিত কোষাধ্যক্ষ, বাংলাদেশ পুষ্টি সমিতির কার্যকরী পরিষদের নির্বাচিত সদস্য, ইউরোপিয়ান সোসাইটি অফ হিউম্যান জেনেটিকস-এর সদস্য, বাংলাদেশ অ্যাসোসিয়েশন ফর অ্যাডভান্সমেন্ট অফ সায়েন্সের আজীবন সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কার্যকরী পরিষদের সদস্য (১৯৯৮), ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্বাচিত সিনেট সদস্য (শিক্ষক প্রতিনিধি), জহুরুল হক হলের সাবেক প্রাধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের সভাপতি (১৯৯৯-২০০০, ২০০০-২০০১) বাংলাদেশের সোসাইটি-জাপানের সাবেক প্রেসিডেন্ট। সংবাদ বিজ্ঞপ্তি।